


বড় পশুর চামড়া ছড়ানোর দৃশ্য



ছোট পশুর চামড়া ছড়ানোর দৃশ্য

- চামড়া ছাড়ানোর পর মাটিতে ছেঁচড়ানো যাবে না। রক্ত, গোবর এবং কাঁদাযুক্ত মাটি যেন চামড়াতে না লাগে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- ছাড়ানোর পর চামড়া যত শীঘ্র বিক্রয় কেন্দ্রে পাঠাবার ব্যবস্থা করতে হবে। ৫-৬ ঘন্টার মধ্যে চামড়া বিক্রি না হলে চামড়া সংরক্ষণের পদ্ধতি অনুযায়ী সংরক্ষণ করতে হবে।

## কোরবানীর পশুর চামড়া সংরক্ষণের সহজ নিয়মাবলী

- চামড়া ভালোভাবে পরিস্কার পানিতে ধুয়ে নিন।
- চামড়ায় লেগে থাকা অতিরিক্ত গোশত, চর্বি এবং ঝিল্লি ভালভাবে ছুরি দিয়ে উঠিয়ে ফেলতে হবে, তা'না হলে ঐ সমস্ত স্থানে লবণ প্রবেশ করবে না।
- চামড়ার গোশতের পিঠ উপরের দিকে রেখে মুঠি মুঠি লবণ ছড়িয়ে হাত দিয়ে ভালভাবে ঘষে তাতে লবণ লাগিয়ে দিতে হবে।
- প্রথম বার লাগানো লবণ চুষে নিলে আরও একবার লবণ ছড়িয়ে দিতে হবে।
- মনে রাখবেন গরুর চামড়া প্রতিটির জন্য ৫-৭ কেজি এবং ছাগল/ভেড়ার চামড়া প্রতিটির জন্য ১.৫-২ কেজি লবণ দরকার হয়।



চামড়ায় লেগে থাকা অতিরিক্ত গোশত, চর্বি এবং ঝিল্লি উঠিয়ে ফেলার দৃশ্য

**চামড়া সঠিকভাবে সংরক্ষণ করা 'আমার, আপনার সকলের' দায়িত্ব। চামড়া একটি মূল্যবান জাতীয় সম্পদ। এ সম্পদ সুষ্ঠুভাবে সংরক্ষণের মাধ্যমে এবং বাজারজাতকরণের ফলেই উপযুক্ত মূল্য পাওয়া যায় এবং বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক হয়।**

## পশু রক্ত থেকে সার তৈরী করুন


পশুর রক্ত থেকে উৎকৃষ্ট জৈব সার পাওয়া যায়। এতে শতকরা প্রায় ১০ ভাগ নাইট্রোজেন থাকে, যা ইউরিয়া সারের মত কাজ করে। এছাড়া, এতে রয়েছে ফসফরাস ও পটাশিয়াম। জমির উর্বরতা বাড়ানোর জন্য এ সার খুবই উপযোগী। তাই পশুর রক্তকে ফেলনা মনে করে অপচয় করা মোটেই উচিত নয়।

যেখানে সেখানে গরু জবাই না করে সম্ভব হলে যে জমিতে সহসাই ফসল উৎপাদন করবেন, সে জমিতে পশু জবাই করুন। পশু জবাইয়ের পর কেবল রক্তের উপরে কিছু মাটি চাপা দিন। কিছুদিনের মধ্যেই তা পচে সারে পরিণত হবে। পশুর নাড়িভূঁড়ি ও মল ছড়িয়ে ছিটিয়ে থাকলে নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশের সৃষ্টি হয়। অথচ এগুলোকে এক জায়গায় গর্ত করে পচালে তা থেকে মূল্যবান সার পাওয়া যায়। তাই আসুন, রক্ত বা নাড়িভূঁড়ি থেকে প্রাপ্ত এ মূল্যবান জৈব সার ব্যবহারে সবাই যত্নবান হই।


প্রকাশকাল : অগাস্ট ২০১৪ খ্রিঃ
প্রকাশ সংখ্যা : ২৫,০০০ কপি
প্রকাশনা স্বত্ব : মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা
প্রকাশক : উপ-পরিচালক, মৎস্য ও প্রণিসম্পদ তথ্য দপ্তর
ফোন : ৯৫৮২১৬২, ফ্যাক্স : ৯৫৫৭৫৭
ই-মেইল : flidmofl@gmail.con
মুদ্রণে : নকশি, মাহাতাব সেন্টার, প্টন, ঢাকা-১০০০


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সঠিক পদ্ধতিতে
## পশুদেহ হতে চামড়া ছাড়ানো ও সংরক্ষণের নিয়মাবলি




মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

# সঠিক পদ্ধতিতে পশুদেহ হতে চামড়া ছাড়ানো ও সংরক্ষণের নিয়মাবলি

চামড়া একটি মূল্যবান জাতীয় সম্পদ। ২০১২-২০১৩ অর্থ বছরে চামড়া ও চামড়াজাত দ্রব্যাদি রপ্তানীর মাধ্যমে ৪১৩৩.৫২ কোটি টাকা আয় করা হয়েছে যা মোট বৈদেশিক মুদ্রা অর্জনের ১.৩৭ %। চামড়া সঠিকভাবে ছাড়ানো ও সংরক্ষণ করা আপনার, আমার সবার দায়িত্ব। পশুদেহ থেকে নিখুঁত চামড়া ছাড়ানো ও সঠিক সংরক্ষণের ওপর এর মান ও দাম নির্ভর করে। তাই নিখুঁতভাবে চামড়া ছাড়ানো ও সংরক্ষণ করা উচিত। আমাদের দেশে গারু, মহিষ, ছাগল, ভেড়া ও অন্যান্য পশুর দেহ থেকে যে সমস্ত চামড়া পাওয়া যায় তার বেশিরভাগই নিখুঁত ও ত্রুটিমুক্ত নয়। এইসব চামড়ার মধ্যে নিম্নলিখিত ত্রুটিগুলো প্রায়ই দেখা যায়।






১। চামড়ার নানাস্থানে কাটা দাগ,
২। ছুরির দাগ,
৩। নিয়মানুযায়ী চামড়া না কাটা এবং
৪। চামড়ায় পচন ধরা।

আমাদের দেশে প্রাপ্ত চামড়ার এক উল্লেখযোগ্য অংশ ঈদুল আযহার সময় পাওয়া যায়। এ সময় হৃষ্টপুষ্ট পশু থেকে উন্নতমানের চামড়া পাওয়াটাই স্বাভাবিক। কিন্তু পশুদেহ থেকে সঠিকভাবে চামড়া ছাড়ানো এবং রক্ষণাবেক্ষণ করা হয় না বলে চামড়ার মান আশানুরূপ উন্নত হয় না। ফলে চামড়ার উপযুক্ত দাম পাওয়া যায় না। তাই দেশবাসীকে চামড়ার মান উন্নয়নে সচেষ্ট করে তোলা উচিত।




*ঈদ-উল-আযহার কোরবানীর হাটের সাধারণ দৃশ্য*

# কোরবানীর পশুর চামড়া ছাড়ানোর নিয়মাবলী

পশুকে জবাই করার পূর্বে ভালভাবে গোসল করিয়ে নিতে হবে যাতে পশুর দেহে কোন ময়লা না থাকে সে দিকে খেয়াল রাখতে হবে। জবাই করার ২ ঘন্টা পূর্বে পশুকে প্রচুর পানি পান করাতে হবে। এতে পশুর দেহ থেকে চামড়া ছাড়ানো সহজ হবে।



- পশুকে জবাই করার সময় বা মাটিতে শোয়াবার সময় সাবধানতা অবলম্বন করতে হবে, যাতে পশুর দেহে চোট না লাগে। চোট লাগলে চামড়া থেতলিয়ে যাওয়ার সম্ভাবনা থাকে।




*জবাই এর পূর্বে গবাদিপশুর পরিচর্যা*

- জবাই করার জন্য নক্দার ছুরি এবং চামড়া ছাড়াবার জন্য মাথা বাঁকানো ছুরি ব্যবহার করতে হবে।




*সাবধানে গবাদিপশু জবা' এর দৃশ্য*



*জবাই এর জন্য ব্যবহৃত ছুরি*



*চামড়া ছাড়াবার জন্য ব্যবহৃত ছুরি*

- জবাই করার পর পশুর দেহ নিস্তেজ হয়ে গেলে পশুকে চিৎ করে শুইয়ে দু'পাশে ঠেস দিতে হবে। এতে চামড়ায় ছুরির কাটা দাগ লাগার সম্ভাবনা থাকে না।
- নক্দার ছুরির অগ্রভাগ দিয়ে জবাই করার স্থান থেকে গলা, সিনা ও পেটের মাঝখান দিয়ে অন্ডকোষ/ওলান পর্যন্ত সোজাসুজি চামড়া ফেড়ে নিতে হবে।
- সামনের দু'পায়ের হাঁটু থেকে সিনা পর্যন্ত চামড়া কেটে সিনার উপর দিয়ে কাটা দাগের সঙ্গে মিলিয়ে নিতে হবে।
- একই ভাবে, পিছনের দু'পায়ের হাঁটু থেকে লেজের কাছাকাছি পর্যন্ত চামড়া কেটে প্রথমোক্ত লম্বা কাটা দাগের সঙ্গে মিলিয়ে নিতে হবে। কোনক্রমেই যেন দাগ আঁকা বাঁকা না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।



*গবাদিপশুর চামড়া ছাড়ানোর দৃশ্য*

- ছোট পশুকে গাছের ডালে বা ঝুলনে ঝুঁলিয়ে চামড়া ছাড়াতে হবে। এতে চামড়া নষ্ট হবে না।
- ঝুলিয়ে চামড়া ছাড়ানো সম্ভব না হলে দাগ কাটার পর প্রথমেই গলার অর্ধেক ছাড়াতে হবে। তারপর সামনে পা ছাড়িয়ে সিনা, কাঁধ ও পেটের চামড়া ছাড়াতে হবে । পিছনের পা ছাড়িয়ে পিঠ পর্যন্ত নিতে হবে। সিনা ও পাছায় চামড়া লেগে থাকে, সুতরাং এ স্থানে চামড়া ছাড়ানোর সময় সাবধানতা অবলম্বন করতে হবে যেন ছুরির দাগ না পড়ে বা কেটে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে। চামড়া ছাড়ানোর জন্য মাথা বাঁকানো কম ধাঁরালো ছুরি ব্যবহার করতে হবে।